



বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ দিলকুশা বা/এ, ঢাকা
প্রশাসন-২ শাখা
প্রশাসন অনুবিভাগ
www.idra.org.bd

স্মারক নম্বর-৫৩.০৩.০০০০.০০০.০০৯.১৮.০০০৫.২৫. ৬২৯

১৪ আশ্বিন ১৪৩২ ব.
তারিখ:-----
২৯ সেপ্টেম্বর ২০২৫খ্রি.

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

সম্প্রতি বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (আইডিআরএ)-এর নজরে এসেছে যে, কর্তৃপক্ষের কর্মকর্তা/কর্মচারীর নাম ব্যবহার করে নানা রকম সুবিধা পাইয়ে দেয়ার প্রলোভন/প্রতিশ্রুতির বিনিময়ে বিভিন্ন বীমা কোম্পানি, সার্ভে প্রতিষ্ঠান এবং সংশ্লিষ্ট ব্যক্তির নিকট অনৈতিক আর্থিক সুবিধা দাবি করা হচ্ছে।

কর্তৃপক্ষ স্পষ্টভাবে জানাচ্ছে যে, আইডিআরএ-এর কোনো কর্মকর্তা বা কর্মচারী ব্যক্তিগতভাবে কোনো আর্থিক বা অন্য কোনো ধরনের সুবিধা দাবি করতে পারেন না এবং এ ধরনের দাবির সাথে কর্তৃপক্ষের কোনো সম্পর্ক নেই। এ ধরনের কার্যক্রম সম্পূর্ণ অবৈধ, অনৈতিক এবং দণ্ডনীয় অপরাধ।

অতএব, সকল বীমা কোম্পানি, সার্ভে প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট অংশীজনদের অনুরোধ জানানো যাচ্ছে যে- এ ধরনের অবৈধ দাবি প্রাপ্ত হলে কোনো প্রকার সাড়া না দিয়ে বিষয়টি অবিলম্বে লিখিতভাবে প্রয়োজনীয় প্রমাণাদিসহ (যদি থাকে) নিম্নবর্ণিত কর্মকর্তাকে অবহিত করবেন।

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ হতে দোষীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।


আহম্মদ এহসান উল হান্নান
পরিচালক (প্রশাসন)
ফোন: ৪১০৫১৩৮০
ই-মেইল: directoradmin@idra.org.bd

অভিযোগ জানানোর জন্য:

নাম: জনাব মোঃ সোলায়মান

পদবী: উপ-পরিচালক

ও

ফোকাল পয়েন্ট কর্মকর্তা (অভিযোগ প্রতিকার ও ব্যবস্থাপনা)

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ এসবিসি টাওয়ার, দিলকুশা, মতিঝিল, ঢাকা।

ইমেইল: ddnmex@idra.org.bd

ওয়েবসাইট: www.idra.org.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): কার্যার্থে

১. প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন (BIA) (সকল বীমা কোম্পানিকে অবহিত করার অনুরোধসহ)।
২. প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম (BIF) (সকল মুখ্য নির্বাহী কর্মকর্তাকে অবহিত করার অনুরোধসহ)।
৩. প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স সার্ভেয়ার্স এসোসিয়েশন (BISA) (সকল সার্ভেয়ার প্রতিষ্ঠানকে অবহিত করার অনুরোধসহ)।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): সদয় জ্ঞাতার্থে

১. সদস্য (সকল), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।
২. নির্বাহী পরিচালক (সকল), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।
৩. পরিচালক (সকল), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।
৪. উপ-পরিচালক (সকল), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।
৫. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।

৬. পরামর্শক (সকল), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।
৭. সহকারী পরিচালক (সকল), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।
৮. নেটওয়ার্ক এডমিনিস্ট্রেটর, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (ওয়েব সাইটে আপলোডের জন্য অনুরোধ করা হলো)।
৯. চেয়ারম্যান মহোদয়ের স্টাফ অফিসার, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. কর্মকর্তা/প্রোগ্রাম অপারেটর (সকল), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।
১১. কম্পিউটার অপারেটর (সকল), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।
১২. সদস্যগণের সহকারী (সকল), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ।
১৩. ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর (সকল), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।
১৪. অফিস সহায়ক/পরিচ্ছন্নতা কর্মী (সকল), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।
১৫. অফিস কপি।